



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ - ০৩ (হাজী রোড), রূপনগর, মিরপুর-০২, ঢাকা-১২১৬



স্মারক নং ৫৪২৪----- তারিখ : ০৩-১২-২০১৭

বিষয় : আয়কর উপদেষ্টা নিয়োগের জন্য TOR

১৯৯৯ সালের ২৩ নং আইন বলে প্রতিষ্ঠিত পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন একটি নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান। ফাউন্ডেশন আইন, ১৯৯৯ এর ২৭ ধারা ও এসআরও নং-১০৫ আইন/২০১১ মোতাবেক পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের কোন আয়, মুনাফা বা প্রাপ্তির উপর জুন ২০২১ পর্যন্ত কোন প্রকার কর প্রযোজ্য নহে। এ প্রেক্ষাপটে আয়কর বিধান মতে অত্র প্রতিষ্ঠানের ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ (২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ আর্থিক বছর) কর বছর সমূহের বাৎসরিক কর নির্ধারণ, আয়কর রিটার্ন দাখিল, কর আদেশ সংগ্রহ ও এ সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন করার জন্য যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আয়কর উপদেষ্টা/উপদেষ্টা প্রতিষ্ঠানের নিকট থেকে বর্ণিত সূত্রে দরপত্র আহবান করা হয়েছে। সেমতে দরপত্র দাখিলকারী উপদেষ্টা/উপদেষ্টা প্রতিষ্ঠানের জন্য নিম্নোক্ত TOR প্রযোজ্য হবে।

- অগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আয়কর পেশাজীবী নিবন্ধন (ITP) সনদ প্রাপ্ত হতে হবে।
- পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার হালনাগাদ সনদপত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আয়কর বিধান মতে অত্র প্রতিষ্ঠানের ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ (২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ আর্থিক বছর) কর বছরসমূহের বাৎসরিক কর নির্ধারণ, আয়কর রিটার্ন দাখিল, কর আদেশ সংগ্রহ ও এ সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে হবে।
- এনবিআর ঘোষিত সময় সূচি অনুযায়ী Regular Basis এ Return দাখিল, Assessment সম্পন্ন, Assessment Order সংগ্রহ ও এতদসংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে হবে।
- সুষ্ঠুভাবে এক বছরের কার্য সম্পাদন শেষ হলে পরবর্তী বছরের জন্য নিয়োগ পত্র প্রদান করা হবে।
- উক্ত নিয়োগ নির্দিষ্ট কার্য সম্পাদনের জন্য প্রযোজ্য হবে এবং কাজ শেষে বাতিল বলে গন্য হবে।
- দরপত্রে কনসালটেন্সি ফি বছরওয়ারী পৃথকভাবে উল্লেখ করতে হবে।
- নির্বাচিত প্রতিষ্ঠানকে অত্র প্রতিষ্ঠানের ক্রয়চুক্তি নামায় স্বাক্ষরপূর্বক কার্যারম্ভ করতে হবে।
- কার্য সম্পাদন শেষে বিল দাখিল সাপেক্ষে প্রযোজ্য কনসালটেন্সি ফি বছর ভিত্তিক প্রাপ্য হবেন।
- সরকারী বিধিমেতে বিলের উপর ভ্যাট, ট্যাক্স কর্তনযোগ্য হবে।
- বিলের টাকা Account Payee চেকে পরিশোধ করা হবে।
- কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদন পত্র কোন কারন দর্শানো ব্যতিরিকে গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করে।

(রখীন বড়াল)

যুগ্ম-পরিচালক (ভার:)


ক্রয় ও সহায়ক সেবা।

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, কমার্স কলেজ রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬।

ফোন নং: ৮০৩২৯২৫, ৮০৩২৯৩৬, ফ্যাক্স: ৮০৩১৫৯৭




স্মারক নং- ৫৪১৫

তারিখঃ ০৩/১২/২০১৭ ইং

আয়কর উপদেষ্টা নিয়োগ

১৯৯৯ সালের ২৩ নং আইন বলে প্রতিষ্ঠিত পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) একটি নন ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান। ফাউন্ডেশন আইন ১৯৯৯ এর ২৭ ধারা ও এসআরও নং -১০৫ আইন মোতাবেক পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের আয় মুনাফা বা প্রাপ্তির উপর কোন প্রকার কর প্রযোজ্য নহে। এ প্রেক্ষাপটে আয়কর বিধান মতে অত্র প্রতিষ্ঠানের ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯ -২০ এর (২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯, আর্থিক বছরের) বার্ষিক কর বছর সমূহের বাৎসরিক কর নির্ধারণ, আয়কর রিটার্ন দাখিল, কর উপদেষ্টা/ উপদেষ্টা প্রতিষ্ঠানের নিকট থেকে বর্ণিত সূত্রে দরপত্র আহবান করা হয়েছে। সমতে দরপত্র দাখিলকারী কর উপদেষ্টা/ উপদেষ্টা প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। যোগ্যতা সম্পন্ন কর উপদেষ্টা/উপদেষ্টা প্রতিষ্ঠান সমূহকে আগামী ১৮-১২-২০১৭ তারিখ ১২.০০ টার মধ্যে পিডিবিএফ প্রধান কার্যালয়ের রক্ষিত বাক্সে জমা দিতে হবে। প্রাপ্ত দরপত্র সমূহ ৩ দিন দুপুর ১২:১৫ টায় উপস্থিত দর দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরিকে গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।



(রথীন বড়াল)

যুগ্ম-পরিচালক (ভারপ্রাপ্ত)

ক্রয় ও সহায়ক সেবা